## পুলিশে চাকরির

■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের জন্য বিজ্ঞপ্তি কবে বেরোবে? — রাকেশ শর্মা, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।

■■ আপাতত বিজ্ঞপ্তি বেরোনোর বিষয়ে কিছু ঠিক হয়নি।

■ পশ্চিমবঙ্গ আবগারি পুলিশের কনস্টেবল পদের যে ফাইনাল পরীক্ষা ২ জানুয়ারি হল, তার ফল কবে.বেরোবে? এই পদের ইন্টারভিউয়ের জন্য ছেলেদের পোশাক সম্বন্ধে বিস্তারিত জানাবেন। — সৌভিক মন্ডল, দক্ষিণ যাত্রাপুর, কৃষ্ণনগর, নদিয়া।

■■ আবগারি পুলিশের কনস্টেবল পদের ফল যে কোনো দিনই বেরোতে পারে। ইন্টারভিউয়ের পোশাক হবে নম্র ও ভদ্র। হাল্কা রংয়ের পোশাক পরবেন। জিন্স পরা চলবে না। কালো রংয়ের শু পরবেন। সবথেকে ভালো হয় কোনো সেন্টারে গিয়ে মক ইন্টারভিউ দিন, তাতে ভয় দূর হবে। আদব-কায়দা, পোশাক পরিচ্ছদ ইত্যাদি বিষয়ে স্বচ্ছ ধারনা পাবেন।

■ কলকাতা পুলিশের সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট পদের প্রিলি. পরীক্ষা কবে হবে? — সেখ ইফতিকার আহমেদ, ডায়মন্ডহারবার, দক্ষিণ ২৪ পরগনা।

■■ পরীক্ষা ২৭ মার্চ হয়েছে। এখনো ফল বেরোয়নি।

## সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

**চাকরির পরীক্ষা সংক্রান্ত যাবতীয় প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।**

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## স্টাফ সিলেকশনের

■ ৮ কেন্দ্রীয় বাহিনীর কনস্টেবল পদের প্রথম পর্যায়ের যে পরীক্ষা গত বছর নভেম্বরে হয়েছিল, তার ফল বেরিয়েছে কি? এরপর কী পরীক্ষা হবে? কাট অফ মার্কস কত নেমেছে? — বিকাশ মুর্মু, উলুবেড়িয়া, হাওড়া।

■■ ৮ কেন্দ্রীয় বাহিনীর কনস্টেবল পদের প্রথম ফেজের যে কম্পিউটার বেসড টেস্ট ১৬ নভেম্বর থেকে ১৫ ডিসেম্বর পর্যন্ত হয়েছিল, তার ফল বেরিয়েছে। প্রার্থীদের এরপর শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় প্রথমে থাকবে ছেলেদের বেলায় ২৪ মিনিটে ৫ কিমি দৌড় আর মেয়েদের বেলায় ৮.৩০ মিনিটে ১.৬ কিমি দৌড়। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টে কাট অফ নম্বর নেমেছে সাধারণদের বেলায় ৩০%, ও.বি.সি. / ই.ডব্লু.এস. প্রার্থীদের বেলায় ২৫%, তপশিলী, প্রাক্তন সমরকর্মীদের বেলায় ২০%। ২,৮৫,২০১ জন (পুরুষ ২,৫৩,৫৪৪ জন ও মহিলা ৩১,৬৫৭ জন) প্রার্থীকে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হয়েছে।

■ এন.আই.ও.এস. থেকে উচ্চমাধ্যমিক পাশ করেছি। সি.এইচ.এস.এল. পরীক্ষা দিতে পারব? — স্বাগত দাস, বলরামবাটি, সিঙ্গুর, হুগলি।

■■ হ্যাঁ, পারবেন।

■ ৮ বাহিনীর কনস্টেবল পদের কম্পিউটার বেসড টেস্টে সফলদের শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা কবে হবে? — মানস কাঁড়, করবনিয়া, গোপীবল্লভপুর, ঝাড়গ্রাম।

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ ২০২০ সালের এম.টি.এস. (নন-টেকনিক্যাল) ক্যাটেগরির দ্বিতীয় পত্রের পরীক্ষা কবে হবে? — অর্পণ মাঝি, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।

■■ দ্বিতীয় পত্রের পরীক্ষা হবে ৮ মে।

■ কেন্দ্রীয় সরকারের মাল্টি টাস্কিং স্টাফ ও হাবিলদার পদে প্রায় ১০ হাজার শূন্যপদের বিজ্ঞপ্তি বেরিয়েছে। দু'টি পদের জন্য কি আলাদাভাবে দরখাস্ত করতে হবে না একটিই দরখাস্ত করতে হবে? পরীক্ষা কি একইসঙ্গে হবে? — সামিম সেখ, আমুড্ড্যা, ছাতিনা, বীরভূম।

■■ দু'টি পদের জন্য একটিই দরখাস্ত করতে হবে। পরীক্ষা একইদিনে হবে।

■ মাল্টি টাস্কিং স্টাফ পদের পরীক্ষা দিতে চাই। কিন্তু কম্পিউটার কোর্স করিনি। পরীক্ষা দিতে পারব কি? — মৌমিতা রায়, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।

■■ হ্যাঁ, পরীক্ষা দিতে পারবেন।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| আই.টি.আই.-এ ট্রেড সার্টিফিকেট কোর্সে ভরতি | এইট পাশ, মাধ্যমিক | - | ৩১-৫-২২ | www.wbscvt.net |
| কলকাতা পুরনিগমে কনজার্ভেটিভ মজদুর | লিখতে ও পড়তে জানা | ১০৪ | ২৪-৪-২২ | www.mscwb.org |
| কলকাতা পুরনিগমে পরিবেশবন্ধু | প্রাক্তন সমর কর্মীদের জন্য | ৩ | ২৪-৪-২২ | www.mscwb.org |
| পাইলট হওয়ার ট্রেনিং | উচ্চমাধ্যমিক | - | ১৮-৫-২২ | https://igrua.gov.in |
| স্টাফ সিলেকশনের মাধ্যমে কেন্দ্রে হাবিলদার | মাধ্যমিক | ৩,৬০৩ | ৩০-৪-২২ | www.ssc.nic.in |
| স্টাফ সিলেকশনের মাধ্যমে কেন্দ্রে মাল্টি টাস্কিং স্টাফ | মাধ্যমিক | - | ৩০-৪-২২ | www.ssc.nic.in |
| গোয়া শিপইয়ার্ড লিমিটেডে টেকনিক্যাল কর্মী | ITI,Diploma গ্র্যাজুয়েট, | ১৭৪ | ২৮-৪-২২ | www.goashipyard.in |
| পুর নিগমে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা | ৭ | ১-৫-২২ | www.mscwb.org |
| বেনারস লোকোমোটিভ ওয়ার্ক্সে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই | ৩৭৪ | ২৬-৪-২২ | www.blw-indianrailways.gov.in |
| পূর্ব রেলে অ্যাপ্রেন্টিস | MP, ITI | ২৯৭২ | ১০-৫-২২ | www.rrcer.com |
| ভাবা অ্যাটমিক রিসার্চে স্টাইপেন্ডিয়ারি ট্রেনি | ডিপ্লোমা ও গ্র্যাজুয়েট | ২৬০ | ৩০-৪-২২ | www.nrbapply.formflix.com |
| বর্ডার রোডস অর্গানাইজেশনে মাল্টি স্কিল্ড ওয়ার্কার | মাধ্যমিক, HS, ITI | ৩০২ | ২০-৫-২২ | www.bro.nic.in |
| ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডসে স্টেনো, অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৩৩০ | ৯-৫-২২ | www.bis.gov.in |
| ইনস্টিটিউট অফ প্লাজমা রিসার্চে এম.টি.এস. | গ্র্যাজুয়েট | ৩১ | ৩০-৪-২২ | www.ipr.res.in |
| কেন্দ্রীয় সরকারে স্ট্যাটিস্টিক্যাল অফিসার | পোস্ট গ্র্যাজুয়েট | ৫৩ | ২৬-৪-২২ | www.upsconline.nic.in |
| ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং-এ অ্যাসিস্ট্যান্ট, অপারেটর | উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট | ৩৭৮ | ২৫-৪-২২ | www.becil.com |
| সেন্ট্রাল সিল্ক বোর্ডে সায়েন্টিস্ট | গ্র্যাজুয়েট | ১৫ | ২৫-৪-২২ | www.csb.gov.in |
| ইস্টার্ন কমান্ডে স্টেনো, ক্লার্ক | মাধ্যমিক উচ্চমাধ্যমিক | ৩৭ | ২৯-৪-২২ | onlineforms.in/hq-bengal-sub-area-eastern-command-vacancy-2022/ |

https://telegram.me/DisariJibika

# সাধারণ জ্ঞান

## সাধারণ বিজ্ঞান

১। দু'টি বিন্দুর মধ্যেকার তড়িৎবিভব মাপার যন্ত্রের নাম কী — ভোল্টমিটার।

২। ফটোগ্রাফিতে কোন রাসায়নিক দ্রব্য ব্যবহৃত হয় — সিলভার ব্রোমাইড।

৩। পুরনো পাণ্ডুলিপির লেখা পড়ার জন্য কোন রশ্মি ব্যবহার করা হয় — অবলোহিত রশ্মি।

৪। ওষুধরূপে ও ড্রাইওয়াশে কী ব্যবহার করা হয় — ইথাইল অ্যালকোহল।

৫। 'গান পাউডার' বা, 'বারুদ' কী দিয়ে তৈরি — সালফার, চারকোল ও অ্যালুমিনিয়াম।


৬। জার্মান সিলভার কোন কোন ধাতুর সংকর — তামা, দস্তা ও নিকেল।

৭। লালচে গরম লোহার ওপর দিয়ে বাষ্প চালনা করলে কোন গ্যাস উৎপাদিত হয় — হাইড্রোজেন।

৮। পিচ্ছিলকারক পদার্থ হিসাবে কী ব্যবহৃত হয় — গ্রাফাইট।

৯। লবণাক্ত জল থেকে লবণ আলাদা করার পদ্ধতিকে কী বলে — ডিস্যালিনেশান।

১০। কোন বিজ্ঞানী প্রথম দেখান, সব জৈব যৌগের মধ্যে কার্বন



আছে — অ্যান্তোইনে-লরেন্ট দে ল্যাভয়সিয়ার।

## ইতিহাস

১১। 'কুব্বত-উল-ই সলাম' মসজিদটি কে তৈরি করেন — কুতুব-উদ-দ্বীন আইবক।

১২। কোন দেবতাকে 'গায়ত্রী মন্ত্র' উৎসর্গ করা হয় — সাবিত্রী।

১৩। মগধের কোন শাসক গৌতম বুদ্ধের সমসাময়িক ছিলেন — বিম্বিসার।

১৪। 'জুনাগড় শিলালিপি'তে কার কৃতিত্ব বর্ণিত আছে — রুদ্রদমন।

১৫। ইবন বতুতা কার আমলে ভারতে আসেন — মহম্মদ বিন তুঘলক (আফ্রিকার মরক্কো থেকে)।

১৬। 'তক্কাভি' কী — সুলতানি যুগের একধরনের খাজনা।

১৭। ভারতের মাটিতে প্রথম কামান ব্যবহৃত হয় কোন যুদ্ধে — প্রথম পাণিপথের যুদ্ধ।

১৮। শেরশাহ সুরির সমাধি কোথায় রয়েছে — বিহারের সাসারামে।

১৯। 'কুতুব মিনার'এর তোরণের নাম কী — আলাই দরওয়াজা।

২০। লোহার বাটখারা কে চালু



করেন — আলা-উদ-দ্বীন খিলজি।

## ভূগোল

২১। ওজনস্তর বায়ুমণ্ডলের কোন স্তরে আছে — স্ট্যাটোস্ফিয়ার।

২২। মার্বেল কোন ধরনের শিলা — রূপান্তরিত শিলা।

২৩। বৃষ্টিপাতের ফলে জলরাশি ভূপৃষ্ঠের ওপর ছড়িয়ে পড়ে ও শেষে কোনো নদী বা, জলধারার মাধ্যমে নিষ্কাশিত হয়। একে কী বলে — জলনিকাশ।

২৪। ধীর গতিসম্পন্ন বৃহৎ বরফস্তূপকে কী বলে — হিমবাহ।

২৫। পৃথিবীর কক্ষপথের পরিধি কত — প্রায় ৯৬ কোটি কিলোমিটার।

২৬। কোন দিন পৃথিবী থেকে সূর্যের দূরত্ব সর্বাধিক হয় — ৪ জুলাই।

২৭। মেরুপ্রদেশের কাছাকাছি স্থানসমূহের অক্ষাংশকে কী বলে — উচ্চ অক্ষাংশ।

২৮। কোন প্রণালীর মধ্যে দিয়ে আন্তর্জাতিক তারিখরেখা কল্পনা করা হয়েছে — বেরিং।

২৯। হিমবাহের ক্ষয়কার্যের ফলে কোন হ্রদ সৃষ্টি হয় — করি হ্রদ।

৩০। 'বেরিং স্রোত' কোন মহাসাগরে দেখা যায় — প্রশান্ত মহাসাগর।

## সাম্প্রতিক ঘটনা

৩১। কোন রেলওয়ে স্টেশন কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুসরণ করে, প্রথম 'এক স্টেশন, এক পণ্য' ধারণাটি বাস্তবায়ন করবে — বিশাখাপত্তনম রেলওয়ে স্টেশন।

৩২। কোন দেশ সম্প্রতি 'কন্টিনেন্টাল ইউরোপ সিনক্রোনাস এরিয়া'র সঙ্গে যুক্ত হল — ইউক্রেন (এটি একটি বিদ্যুৎ গ্রিড, যা ইউরোপ মহাদেশের বেশিরভাগ অংশ জুড়ে বিস্তৃত)।

৩৩। দেশের প্রথম রাজ্য হিসাবে কার্বন-নিরপেক্ষ চাষ পদ্ধতি চালু করতে চলেছে কোন রাজ্য — কেরালা।

৩৪। তামিলনাড়ুর কোন শাস্ত্রীয় সঙ্গীত যন্ত্র সম্প্রতি 'জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন' ট্যাগ পেল — নরসিংহপেট্টাই নাগাস্বরম।

৩৫। সম্প্রতি বিশ্বের সর্ববৃহৎ ঝুলন্ত সেতু কোন দেশে চালু হয়েছে — তুরস্কের উত্তর-পশ্চিমাঞ্চলের দার্দানেলেস প্রণালীতে।

৩৬। 'এশিয়া ওয়ান পত্রিকা'র তরফ থেকে, কে সম্প্রতি 'কোভিড-১৯ কমিটমেন্ট পুরস্কার' পেলেন — হরিয়ানার মুখ্যমন্ত্রী মনোহর লাল খট্টর (কোভিড-১৯ অতিমারির মধ্যেও রাজ্যের অর্থনীতির পুনরুজ্জীবন ও সমাজের সামগ্রিক কল্যাণে অসামান্য অবদান রাখার জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৩৭। 'ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউট'এর ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — রেনু সিং।

৩৮। সম্প্রতি কোথায় 'প্রধানমন্ত্রী সংগ্রহালয়' নামে দেশের সব প্রাক্তন প্রধানমন্ত্রীদের নিয়ে মিউজিয়াম তৈরি করা হল — দিল্লি।

৩৯। কে সম্প্রতি 'মোদী স্টোরি' নামে ওয়েব পোর্টাল চালু করলেন — মহাত্মা গান্ধীর নাতনি সুমিত্রা গান্ধী কুলকার্নি।

৪০। ২০২২ সালে কোন ২টি দেশ যৌথভাবে 'বালিকাতান' নামে মিলিটারি ড্রিল আয়োজন করেছে — ফিলিপিন্স ও মার্কিন যুক্তরাষ্ট্র।

৪১। বিশ্বের বৃহত্তম ক্যুরিয়র কোম্পানি 'ফেডএক্স কর্পোরেশন'এর প্রেসিডেন্ট ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে



সম্প্রতি কে মনোনীত হলেন — ভারতীয় বংশোদ্ভূত রাজ সুব্রমনিয়াম।

৪২। আন্দামান ও নিকোবরের ডিরেক্টর-জেনারেল অফ পুলিশ হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — নীরজ ঠাকুর।

৪৩। পীযুষ গোয়েল সম্প্রতি কোথায় 'ইন্ডিয়ান জুয়েলারি এক্সপোজিশন সেন্টার ভবন'এর উদ্বোধন করলেন — দুবাই।

৪৪। ২০২২ সালে 'জাতীয় জল পুরস্কার'এ জল সংরক্ষণের ক্ষেত্রে ভারতের কোন রাজ্য সম্প্রতি 'সেরা রাজ্য পুরস্কার' পেল — উত্তর প্রদেশ।

৪৫। 'অ্যাসোসিয়েটেড চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সুমন্ত সিনহা।

সঙ্কলক : পলি দেওয়ান




Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com